দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 22 JUL 1997 ...
পৃষ্ঠা ...১... কলাম ...৪......

১০

# ম্যানেজিং কমিটিবিহীন স্কুল কলেজ মাদ্রাসার বেতনভাতা ছাড় করা হয়েছে

শরিফুজ্জামান পিন্টু

অবশেষে সরকার দেশের সহস্রাধিক বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বেতন ও ভাতার সরকারী অংশ ছাড়

(শেষ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

## ম্যানেজিং কমিটিবিহীন

(প্রথম পাতার পর)

করেছে। ম্যানেজিং কমিটি না থাকায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর এসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতার সরকারী অংশ স্থগিতের সিদ্ধান্ত নিয়েছিল। খবর সংশ্লিষ্ট সূত্রের।

সূত্র জানায়, ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ হয়েছে বা আদৌ কমিটি নেই এমন শিক্ষা প্রতিষ্ঠানকে আগামী তিন মাসের মধ্যে নিয়মানুযায়ী কমিটি গঠনের নির্দেশ দেয়া হয়েছে। এ সময়ের মধ্যে বেতন-ভাতা উত্তোলনের জন্য একটি নিয়ম করা হয়েছে। তিন মাস পার হবার পরও যেসব শিক্ষা প্রতিষ্ঠান ম্যানেজিং কমিটি গঠনে ব্যর্থ হবে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সূত্র জানায়, গত ২ জুন ম্যানেজিং কমিটি না থাকার অভিযোগে সহস্রাধিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বন্ধ করার নির্দেশ সংবলিত একটি চিঠি দেশের প্রত্যেক জেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্টদের কাছে পাঠানো হয়। পরবর্তীতে শিক্ষক নেতৃবৃন্দের দাবির প্রেক্ষিতে গত রবিবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর বেতন-ভাতা বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহার করে ম্যানেজিং কমিটি গঠনের জন্য তিন মাস সময় বেধে দেয়। এ সময়ের মধ্যে কলেজের ক্ষেত্রে জেলা প্রশাসক বা তার মনোনীত প্রতিনিধি, থানা পর্যায়ে থানা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষরে সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ বিল উত্তোলন করতে পারবেন।

স্কুল ও মাদ্রাসার ক্ষেত্রে জেলা সদরে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং থানা পর্যায়ে থানা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষরে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ বিল উত্তোলন করতে পারবেন।

এদিকে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন বেতন-ভাতা বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহার করায় শিক্ষামন্ত্রী এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষার মহাপরিচালককে অভিনন্দন জানিয়েছে।